কিভাবে একজন সফল সাইবার্ কাফে, সি এস সি এবং ই-কর্মাস সার্ভিস রীটেলার হওয়া যায়

সাইবার কাফে, সি এস সি এবং ই-কর্মাস সার্ভিস রীটেলার হওয়ার সহায়িকা

বিষয় বস্তু ঃ

অধ্যায় ১ ঃ পরিচিতি

অধ্যায় ২ ঃ কি ভাবে একটি সফল সাইবার কাফে চালানো যায়

- পরিস্কার পরিচ্ছন্ন কাফে
- জীবাণুমুক্ত হার্ডওয়্যার
- কাফে পরিচালনা
- কাফে তত্বাবধান / নিরাপত্তা ব্যবস্থা
- কাফের উন্নতি
- বিশাল গ্রাহক অভি'তা

অধ্যায় ৩ ঃ কি ভাবে নতুন নতুন উপার্জনের রাস্তা তৈরী করা হয়

- তোমার গ্রাহক পরিষেবা বৃর্দ্ধি কর
- তোমার গ্রাহক ধরে রাখার ভিতটাকে শক্ত-সমৃদ্ধ কর
- প্রথমবার ব্যবহারকারীগন
- ব্যবসায়ী এবং পেশাগত মানুষজন
- বিনোদনমূলক
- খেলাধুলো সংক্রান্ত
- ছাত্র-ছাত্রী
- ডেভেলপারস্

.../২

অধ্যায় ১ ঃ পরিচিতি

“ইণ্ডিয়া মডেল” ইন্টারনেটের জন্যে অর্থের মূল্যায়ন এবং সঠিক ভাবে কাজ করলে “যা-কাজ-করা-হয়-তার-জন্যে-মূল্য-প্রদান-করা-হয়” প্রথার একটি ইচ্ছাধীন অর্থ উপার্জনের রাস্তা । ভারতে সাইবার কাফে / কমণ সার্ভিস সেন্টার গুলো হল সত্যিকারের উদাহরণ যার দ্বারা ভারতীয় আর্থ-মূল্যায়ন নমূনার ভিতর ইন্টারনেটে প্রবেশ করে অর্থ আয়, যেমন ঘণ্টা প্রতি টাকা ঃ ১০/১৫/২০ আয় করা যায়।

যা হওক, সাধারণত মানুষ ভাবে যে আজকাল সাইবার কাফে গুলোর দিন সমাপ্তির দিকে এবং এর কোনো ব্যবসায়ীক ভবিষ্যত নেই । এই ঘটনাকে খানিকটা আবার সাহায্য করে ভারতে ইন্টারনেটের ধীরগতির প্রসার ব্যবস্থা, গ্রাহক সংখ্যার অবনতি, ক্রমান্বয়ে কমে আসা সরকারি রাজস্ব্য এবং সর্ব্বোপরি এই বিভাগটির প্রতি সরকারের উদাসীনতা।

এতগুলো বিপ্তত্তি সত্বেও ৩৬% র অধিক সংখ্যক ভারতীয় ইন্টারনেট বিষয়টির সমস্ত কঠিন পরিস্থিতিকে বাজি রেখে সাইবার কাফেতে গিয়ে ইন্টারনেটে তাদের প্রয়োজনীয় কাজকর্ম করে ।

সমীক্ষায় আরো দেখা গেছে যে ১৫-২৪ বছর বয়সী ছেলে-মেয়েরাই বেশীরভাগ ক্ষেত্রে সাইবার কাফেতে যায় এবং এর মধ্যে ৪০% ভাগ মানুষ ব্যবসায়ীক কারণে সাইবার কাফেকে ব্যবহার করে । তারোপরি অধিক সময় অবধি খোলা থাকার দরুন ও সপ্তাহে ৭ দিন খোলা থাকার ফলে এবং নিজস্ব এলাকার ভিতর সুবিধাজনক জায়গায় থাকার দরুন সকলের পক্ষে সহজেই এর সুবিধা নেওয়া সম্ভব হয় ।

এই সব কিছুই ব্যবসায়ীক দৃষ্টিকোন থেকে এক সোনালী সুযোগ বলে মনে করা হয়। শুধু সামান্য একটু সদ্ ইচ্ছার দ্বারা সাইবার কাফে গুলো খুব সহজেই ও অল্পেতেই অধিক সংখ্যক মানুষের মধ্যে প্রভাব বিস্তার করতে পারে, যেখানে অতি সহজেই সব বয়সের মানুষ এই সুবিধার উপকারিতা লাভ করতে পারে - যেমন ধরুন জন্ম পঞ্জীয়ণ সংগ্রহ করা ... শিক্ষা ... ভ্রমণ ... ব্যবহারিক ... বিনোদনমূলক ... অর্থনৈতিক সামগ্রী অথবা সাধারনত নগরজীবন সংক্রান্ত ইত্যাদি ।

আরামদায়ক পরিবেশের মধ্যে কাফে ম্যানেজমেন্ট সফট্‌ওয়্যার প্রতিষ্ঠা করে, নিরাপত্তা বিষয়ক, আইনি বিষয়ক সফট্‌ওয়্যার ইত্যাদি বিষয়গুলো একটা কাফেকে নিরাপদ এবং নিশ্চয়তা প্রদান করতে সাহায্য করে, চুরি হ্রাস করে এবং সর্ব্বোপরি কাফেকে অতি সহজেই আইনি দিক দিয়ে গুরুত্ব সহকারে পরিচালনা করতে সাহায্য করে ।

শিক্ষার প্রসার ঘটিয়ে পরিবেশণ দক্ষতা বাড়িয়ে নেওয়া যায় (যেমন কম্পিউটার শিক্ষা, ইংরেজিতে কথা বলা, শিক্ষন পরিবেশণ, দূরগত শিক্ষা ব্যবস্থা), ই-গর্ভনেস সার্ভিস, ভ্রমণ, প্রয়োজনীয় সাহায্য (বিল পেমেন্ট), চিঠি-পত্র জমা দেওয়া এবং নেওয়া (ক্যুরিয়ার সার্ভিস) ইত্যাদি সব বিষয়গুলো কাফে ব্যবহারকে আরো বেশী করে মানুষের মধ্যে বিশেষ করে এ.আর.পি.ইয়ু. ব্যবহারকারী গণ এবং কম্পিউটার ব্যবহারকারিগনদের মধ্যে ছড়িয়ে দেয়।

আমরা সিসিএওআই এর তরফ থেকে সাইবার কাফে / সিএসসি তে আমাদের কাজের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ থাকি যেখানে সর্ব্বোশেষ উন্নতিসাধনের তথ্য, সমাধান সূত্র, পরিষেবা ইত্যাদির দ্বারা সাইবার কাফেতে সর্বোতকৃষ্ট ভাবে অভ্যাস করা যায় এবং এই ভাবে মানুষকে সাহায্য করে ও আর্কষণ বাড়িয়ে ভারতে সাইবার কাফের উন্নয়ন এবং তার প্রসার বৃদ্ধি ঘটানো সম্ভব ।

অধ্যায় ২ ঃ কি ভাবে একটি সফল সাইবার কাফে চালানো যায়

গ্রাহককে পরিপূর্ণ মর্য্যাদা দিয়ে পরিচালন মূল্য কম করলে তবেই ব্যবসাকে সর্ব্বোতকৃষ্ট ভাবে সফল করে তোলা যায় এবং এর দ্বারা ব্যবসার যথেষ্ট আয় বৃদ্ধি করা সম্ভব হয়। গ্রাহকের প্রয়োজনের ওপর যথেষ্ট নজর দিলে এবং তাদের চাহিদা যথাযথ পূরণ হলে তবেই তুমি নিশ্চিত হতে পার যে সেই গ্রাহক বারং বার তোমার কাছে ফিরে আসবে ।

তোমার সাইবার কাফে সফল ভাবে চলতে হলে যা কিছু করা দরকার তার কিছু কিছু জিনিষ আমরা তোমার সাথে আলোচনা করবো ।

ক) স্বাস্থ্যবিজ্ঞান সম্মত কাফে

একজন সাইবার কাফের মালিক হিসাবে তোমার প্রথম এবং প্রধান কাজ হলো তোমার কাফেটিকে সবসময় পরিস্কার পরিচ্ছন্ন করে রাখা । একটি পরিস্কার পরিচ্ছন্ন এবং আরামদায়ক কাফে অধিক সংখ্যক গ্রাহককে আকৃষ্ট করে । প্রয়োজন অনুযায়ী কাফেকে ঠাণ্ডা রাখার ব্যবস্থা, আরামদায়ক চেয়ার ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে পারলে তুমি নিশ্চিত থাকতে পারো যে তোমার কাফেতে অধিক সময় ধরে গ্রাহক বসে কাজ করতে চাইবে ।

কাফের বাইরেটাও বেশ সুন্দর ভাবে সাজানো গোছানো থাকা দরকার এবং ভিতরে বাতাস চলাচল করার উপযুক্ত ব্যবস্থা থাকা ও হাটাচলা করার যথেষ্ট জায়গা থাকার প্রয়োজন যাতে মানুষজন ভালোভাবে ভিতরে হাটাচলা করতে পারে ।

খ) জীবানুমুক্ত হার্ডওয়্যার

প্রত্যেকজন গ্রাহক যখন তোমার কাফেতে যাবে তখন সে চাইবে যে সে যেন একটি ভালো এবং বিঘ্নহীণ ভাবে চলা ইন্টারনেট সংযোগ থাকা কম্পিউটার পায়। যদি এর যে কোনো একটি মাঝপথে খারাপ হয়ে যায়, তবে শুধু আর্থিক ক্ষতিই নয়, হতে পারে তুমি একজন স্থায়ী / গুরুত্বপূর্ন গ্রাহক ও হারাবে । এইভাবে একটি সফল কাফের দায়ীত্ব অনেকখানি বর্তায় সঠিক ভাবে, পরিপূর্ন, নিরবিচ্ছিন্ন ও নির্ভরতার সহিত চলা ইন্টারনেট সংযোগ ব্যবস্থা ওপর।

হার্ডওয়্যারের সুরক্ষা

তোমাকে এটা নিশ্চিত করতে হবে যে তোমার হার্ডওয়্যারগুলো ভাইরাস, মালওয়্যার, স্প্যাম, স্পাইওয়্যার, ফিজিং ইত্যাদির দ্বারা কোনো ভাবেই যেন আক্রান্ত না হয়। খাঁ সফট্‌ওয়্যারে প্রয়োজনীয় ও সাম্প্রতিকতম সংযোজনগুলো পেতে সাহায্য করে ।

তোমার হার্ডওয়্যার তুমি অন্য ভাবেও সংরক্ষিত করতে পারো ঃ

- একটি ফায়ারওয়াল, এন্টিভাইরাস এবং এন্টিস্পাইওয়্যার প্রোগ্রাম কম্পিউটারে সর্ব্বদা ঢুকিয়ে রাখতে হবে ।
- তোমার কম্পিউটারের পরিচালন ক্রিয়াকে এমন ভাবে রাখতে হবে যে আপনা থেকেই নিরাপত্তা জনিত প্রয়োজনীয় ও সাম্প্রতিকতম সংযোজনগুলোর প্রবেশ ঘটে ।
- প্রত্যেক দিন নিয়মিত ভাবে ভাইরাসের হাত থেকে বাঁচতে হলে অস্থায়ী বা টেম্পোরারি ফাইলগুলো স্ক্যানিং করে মুছে ফেলতে হবে ।
- সন্দেহজনক ওয়েবসাইটগুলো তোমার সিস্টেম থেকে মুছে ফেলো।
- নিয়ম করে তোমার মেশিন থেকে হিষ্ট্রি এবং কুকীস্ গুলো মুছে ফেলতে হবে ।

কাফেতে সঠিক সফ্টওয়্যার, হার্ডওয়্যার ও অন্যান্য সামগ্রীর পরিমিত যোগান

তোমার এই সব সাজ-সরঞ্জাম সব কিছুই তোমার বাজেটের ওপর নির্ভর করে, কিন্ত তবুও একটা নিদৃষ্টমানের কাফে চালাতে গেলে নূন্যতম প্রয়োজণীয় জিনিষগুলোর প্রয়োজন (যেমন হার্ডওয়্যার, সফ্টওয়্যার ও অন্যান্য জিনিষগুলো)।

আসলে একটি আর্দশ কাফেতে প্রত্যেকটি কম্পিউটার নিম্ন লিখিত জিনিষ গুলোর দ্বারা সজ্জিত হওয়া দরকার ঃ

সফ্টওয়্যার

- একটি প্রকৃত খাঁটি অপারেটিং সিষ্টেম যেমন এম.এস. উইনডোজ তোমাদের নিশ্চয়তা এবং বিশ্বাসযোগ্যতা প্রদান করবে।

- সাধারনত বহুল ভাবে প্রচলিত যেমন লাইসেন্স প্রাপ্ত মাইক্র'সফ্ট অফিস অথবা অন্য যে কোনো সম মানের সফ্টওয়্যার যা গ্রাহকগণকে অধিক পরিমানে আর্কষণ করে এবং তাদের চাহিদাকে পূরণ করতে সক্ষম হয়।

...../৬

হার্ডওয়্যার

- **মাইক্রোপ্রসেসর ঃ** একটি দ্রুত গতির প্রসেসার তোমার কম্পিউটারকে অধিক গতি প্রদান করে ফলে তোমার গ্রাহকগন সহজেই কাজ করতে পারে, ওয়েব পেজ এবং বিভিন্ন ফাইল গুলো অতি দ্রুত ডাউনলোড় হয়।

- ১ GHz ৩২-bit (X৮৬) অথবা ৬৪-bit প্রসেসর দ্বারা সাধারনত গ্রাহকদের ভালো অভিজ্ঞতা অর্জ্জন হয় । বিকল্প হিসাবে তুমি আধুনিক প্রসেসর (কমপক্ষে ৮০০ MHz) ও পছন্দ করতে পারো ।

- **হার্ডডিস্ক ড্রাইভ ঃ** তোমার কম্পিউটারে পর্যাপ্ত পরিমানে হার্ডডিস্ক মজুত রাখার জায়গা থাকা দরকার যাতে বহুল পরিমানে সফ্‌টওয়্যার প্রোগ্রাম ভরা যায় । শুধু তাই নয়, গ্রাহকগনের জন্যেও যথেষ্ট পরিমানে জায়গা রেখে দেওয়া উচিত ।

- **মেমরি ঃ** আজকাল গ্রাহকগন গতি এবং তার সাথে অধিক মেমরি সম্পন্ন কম্পিউটার পেতে চান, যাতে তারা অতি দ্রুত প্রয়োজনীয় ফাইল উদ্ধার করতে বা খুলতে পারে । অন্য একটি কারন হলো যে ফাইল লোড় করার ক্ষেত্রে ভালো সুবিধা ও অতি কম সময়ের দরকার । প্রকৃত পক্ষে প্রত্যেকটি কম্পিউটারের অন্ততপক্ষে ৫১২ এম.বি. মেমরি থাকা প্রয়োজন ।

- **মনিটর ঃ** যদি সম্ভব হয় তোমার চ্যাপ্টা পর্দা সম্পন্ন কম্পিউটার নিলে ভালো হয় । অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে ১৭ - ১৯ ইঞ্চির মনিটর মানুষ পছন্দ করে । যদিও এরকমও দেখা গেছে যে বিত্তবান মানুষেরা বড় পর্দা সম্পন্ন মনিটর পছন্দ করেন ।

- সি.আর. মনিটর অপেক্ষাকৃত সাশ্রয়কারী যদিও এটির বিশেষ কোনো আর্কষনী ক্ষমতা নেই, কেননা এর জন্যে অধিক জায়গার প্রয়োজন হয় সমষ্যার ও সৃষ্টি করে।

....../৭

- **১০০ Mbps নেট্ওয়ার্ক কার্ড ঃ** এই কার্ডটি দ্রুত তোমার প্রিমিয়াম গ্রেডের কম্পিউটারের ইথারনেটের গতি বৃদ্ধি করে । এর ফলে সুন্দর ভাবে ফাইল বন্টন, প্রিন্ট করা, ই-মেইল করা, আইপিতে বক্তব্য পাঠানো ইত্যাদি কাজগুলো করতে পারা যায়, যার ফলে গ্রাহকগণ তাদের পছন্দের বন্ধুদের সাথে অতি কম খরচে যোগাযোগ করতে পারে ।

- **ভিডিও কার্ড ঃ** এই ভিডিও কার্ডটির দ্বারা ছবি, নানান ধরনের খেলা অথবা ভিডিও দেখা ইত্যাদিগুলো নিয়ন্ত্রণ করা যায় । তোমাকে শুধু তোমার গ্রাহকের সর্বাধিক সুবিধার দিকে খেয়াল রাখতে হবে ।

- **সাউণ্ড কার্ড ঃ** যদি তুমি তোমার কাফেতে স্পীকার লাগাতে না চাও তবুও মেশিনে থাকা সাউণ্ড কার্ডটির দ্বারা গ্রাহকগন ছবি, নানান ধরনের খেলা অথবা ভিডিও দেখা অথবা বন্ধু-বান্ধবদের আমন্ত্রণ করে তাদের বক্তব্যের জীবন্ত প্রতিরূপ দেখতে এবং শুনতে পারবে ।

এক্সেসরিজ ঃ

মাল্টিমিডিয়া কী বোর্ড এবং অপ্টিক্যাল মাউস ঃ অপ্টিক্যাল মাউসটি দক্ষাতাকে অধিক সংবেদনশীল করে তোলে ফলে গ্রাহকগন মাল্টিমিডিয়া কী বোর্ডটির মাধ্যমে সব ধরনের মিউজিক শুনতে এবং ভিডিও নিয়ন্ত্রন করতে পারে ।

গ) কাফে ম্যানেজমেন্ট ঃ

তোমার সাইবার কাফে একটি খুব সুন্দর নিয়মের মাধ্যমে চলা উচিত যার জন্যে তোমার একটি বিশ্বাসযোগ্য ও ভরসা সাপেক্ষ্য কাফে ম্যানেজমেন্ট সফট্ওয়্যারের প্রয়োজন যার দ্বারা তুমি দৈনন্দিন কাজ-কর্মের হিসাব রাখতে পারবে, সঠিক বিল প্রদান, ব্যবস্থার নিরাপত্তা প্রদান এবং প্রতিদিনের রের্কড ইত্যাদির নিয়ন্ত্রন করতে পারবে। একটি ভালো কাফে ম্যানেজমেন্ট সফট্ওয়্যার তোমাকে চুরি রোধ করতে, ভালো ব্যবস্থা আদি প্রয়োগ করতে, গ্রাহকগনের মনে বিশ্বাসযোগ্যতা বাড়াতে সাহায্য করে এবং গ্রাহকরা ভাববে যে তারা প্রতারিত হচ্ছেনা ।

একটি সুন্দর বিলিং পদ্ধতি তোমাকে দেয় ঃ

- সহজ বিলিং এবং ভাড়ার তালিকা গঠন এবং অগ্রাধিকার
- একটি ব্যবস্থাপক ড্যাসবোর্ডের মাধ্যমে অতি দ্রুত সকল কম্পিউটারের আপডেটস্ ।
- অধিক ভালো ব্যবসায়িক ব্যবস্থার জন্যে প্রিইন্সটল্ড রিপোর্টিং সিষ্টেম।

ঘ) কাফে সার্ভেলিয়েন্স / নিরাপত্তা ব্যবস্থা

জাতীয় নিরাপত্তার খাতিরে, আজকাল একটি শক্তিশালী কাফে নিরাপত্তা ব্যবস্থা / সতর্কতা ব্যবস্থা থাকা ভীষন জরুরী । একটি ভালো কাফেসতর্কতা ব্যবস্থায় গ্রাহকদের সমস্ত রকমের রেকর্ড নথিভুক্ত রাখা হয়, যার দ্বারা কাফেতে অনভিপ্রেত গ্রাহকদের ঠেকানো যায় এবং এর ফলে প্রকৃত গ্রাহকরা একটি নিরাপদ এবং ভরসা যুক্ত কাফেতে যেতে সাহস পাবে।

মনে রাখার মত কিছু গুরুত্বপূর্ণ বিষয়

- মোটামুটি প্রায় সব স্থানেই একই রকম হার্ডওয়্যার যাতে ব্যবহার হয় তা নিশ্চিত করার চেষ্টা করা উচিত, কেননা তার ফলে রক্ষনাবেক্ষণের ক্ষেত্রে সুবিধা হবে এবং সামঞ্জষ্য রাখার ক্ষেত্রে ও তোমার খুব সুবিধা হবে ।

- তোমার কম্পিউটার সব সময় আপ-টু-ডেট রাখা এবং সর্বদাই প্রোগ্রাম গুলোর সাম্প্রতিক তথ্যাদির সংযোজন ঘটানো প্রয়োজন ।

একটি সাইবার কাফের প্রাথমিক প্রয়োজনীয় জিনিষ গুলো হলো ঃ

- প্রিন্টার
- স্ক্যানার
- ওয়েবক্যাম
- হেডফোন এবং মাইক্র'ফোন
- USB মেমরি কার্ড রিডার এবং বিভিন্ন তথ্য বা ডাটা কেব্‌ল।
- CD-RW অথবা ডিভিডি বার্নার
- নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ (UPS)
- আরামদায়ক চেয়ার
- উন্নত মানের আলোর ব্যবস্থা
- কাফের ভিতর প্রয়োজনীয় ঠাণ্ডা রাখার ব্যবস্থা

ঙ) কাফের উন্নতিসাধন

যে কোনো ব্যবসায়িক পরিচালনার ক্ষেত্রে সফলতার মূল চাবিকাঠি তার বিষদ পরিকল্পনা এবং সঠিক সম্পাদনার ওপর নির্ভর করে । নতুন গ্রাহককে আকৃষ্ট করা ছাড়াও তোমার ব্যবসাকে উন্নীত করতে হলে তোমার সর্বপ্রথম এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হলো তোমার একটি সঠিক পরিকল্পনার দরকার যাতে তুমি তোমার বর্তমানে থাকা মূল্যবান গ্রাহকগনকে ধরে রাখতে ও প্রয়োজন হলে তাদের পুরস্কৃত করতে পারো ফলে একহাতে তুমি তাদের কে ধরে রাখতে পারবে অন্যহাতে তাদের মাধ্যমে আরো অন্য গ্রাহককে আকৃষ্ট করতে পারবে - ফলস্বরুপে তুমি তোমার সাথে অন্য ব্যবসায়ীর পার্থক্য সহজেই বুঝতে পারবে ।

কোনোধরনের উন্নয়নমূলক কার্য হাতে নেবার আগে প্রধান কাজটি হলো গ্রাহক আর্কষণের জন্যে একটি সর্বাঙ্গীন পরিকল্পনা (কাফের চারিধারের এলাকা যেখান থেকে তুমি তোমার গ্রাহক পাও) এবং গ্রাহকগন ।

কাফের চারিধারের এলাকা সম্বন্ধে বিস্তৃত জ্ঞান (যেমন কতগুলো বাসস্থান আছে, কলেজ, হাসপাতাল, পার্ক, বাজার ইত্যাদি আছে) তোমাকে তোমার পরিকল্পনা সঠিক ভাবে বুঝতে এবং নিতে সাহায্য করবে যাতে সঠিক ব্যবসায়ীক পরিকল্পনার দ্বারা লক্ষ্যমাত্রা সম্পন্ন গ্রাহকদের তুমি তোমার দিকে সফলতার সংগে টানতে পারবে ।

গ্রাহকদের ভালোভাবে জেনে ও তাদের চরিত্রকে সঠিক ভাবে বুঝে নিলে তোমার পক্ষে ঠিক-ঠাক পরিকল্পনা গ্রহণ ও কার্যক্ষেত্রে সঠিক ভাবে প্রয়োগ করার ক্ষেত্রে অনেক সাহায্য পাবে এবং এই ভাবে তোমার সাফল্যের পরিমাপ দিনকে দিন বাড়তে থাকবে ।

কাফের পারিপার্শ্বিক স্থানের এবং গ্রাহকগনের ওপর নির্ভর করে তুমি ব্যবসার অধিক প্রসারের জন্যে বিশেষ কোনো পরিকল্পনা গ্রহণ করতে পারো । ব্যবসা বাড়াবার কতগুলো উপায় আমরা নিম্নে বর্নণা করলাম ঃ

- **অফার ঃ** বিভিন্ন ধরনের গ্রাহকের চরিত্রচিত্রণের ওপর নির্ভর করে তুমি বেশ কিছু স্বভাবগত উন্নয়নমূলক সুযোগ গ্রাহকগনকে দিতে পারো যেমন ছাত্র-ছাত্রীদের জন্যে বিশেষ অফার, বয়স্ক নাগরিকদের জন্যে ছাড়, গৃহবধূদের জন্যে বিশেষ ছাড় ইত্যাদি।

- **মেম্বারশিপ প্রোগ্রাম ঃ** তুমি বিভিন্ন ধরনের সদস্যপদ বা মেম্বারশিপ প্রোগ্রাম চালাতে পারো যেমন বিনামূল্যে ট্রায়াল মেম্বারশিপ অথবা উপস্থিত গ্রাহকদের পরিবারদের মেম্বারশিপ বা সদস্যপদ প্রদান করা । এর ফলে তোমার বিশ্বাসযোগ্যতা বাড়বে এবং অনাস্থাভাব হ্রাস পাবে।

- স্থানীয় ব্যবসায়ীদের সাথে উন্নয়নমূলক বিজ্ঞাপন ব্যবস্থায় তোমাকে নতুন গ্রাহক পেতে সাহায্য করবে ।

- প্রথাগত মেলের প্রবর্তন এবং পুস্তিকা আদির বিতরন করে নতুন গ্রাহকদের আকর্ষিত করা যায়।

- স্থানীয় মাধ্যমের দ্বারা বিজ্ঞাপন প্রচার করে - যেমন রেডিও, স্থানীয় খবরের কাগজ, কেব্‌ল, সমাজ উন্নয়নমূলক বই ইত্যাদির দ্বারা তোমার দর্শনযোগ্যতা বৃদ্ধি পায় ।

- নিত্য গ্রাহককে রেহাই অথবা কুপনের মাধ্যমে ছাড় দিয়ে । প্রতিযোগিতা অথবা পুরস্কারের আয়োজন করে (প্রতিযোগিতা যেমন “এমাসের সর্বশ্রেষ্ট গ্রাহক”) অথবা রোজকার গ্রাহকদের জন্যে সদস্যপদ ক্লাব ও তৈরী করা।

চ) গুরুত্বপূর্ণ গ্রাহক অভিজ্ঞতা

তোমার কাফেতে একজন গ্রাহক বারংবার তখনই আসবে যখন সে তোমার কাফেতে খুবই যত্ন আত্তি পাবে । অসামান্য গ্রাহক অভিজ্ঞতা সঞ্চয় করতে হলে তুমি বিভিন্ন ধরনের পন্থা অবলম্বন করতে পারো । এদের মধ্যে যেটা সবচেয়ে গুরুত্বপূর্ন সেটা হলো তোমার গ্রাহকরা কাফেতে এসে যেন খুব আনন্দিত হয় ও ভরসা পায় এবং তারা যা চায় তা যেন সঠিক সময়ে সঠিক ভাবে করতে পারে ।

...../১১

কিছু পরামর্শ ঃ

- কম্পিউটার এবং ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সাধারন ঝঞ্ঝাটযুক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে সাহয্যের হাত বাড়িয়ে দেওয়া ।
- ফেভারিটের একটা তালিকা তৈরী করে প্রত্যেকটি কম্পিউটার ইন্টারনেট এক্সপ্লো'রার ব্রাউজারে - প্রধান অক্ষর অনুযায়ী শ্রেনী বিভাগ করে রাখা যায়, যেমন খবর, খেলাধূলো, গান-বাজনা, সিনেমা, শিক্ষা ইত্যাদি ।
- অনলাইন চাকরী খোঁজার সুযোগের বিবরনী
- মোবাইল চার্জ করার সুবিধা
- তোমার হাত-মুখ ধোবার ঘর পরিস্কার পরিচ্ছন্ন এবং পরিপাটি থাকা দরকার ।
- খাদ্য এবং পানীয়ের যথেষ্ট ব্যবস্থাও তোমার কাফেতে করা যেতে পারে।

মূল কথাটা হলো যে তোমার গ্রাহকদের সমস্তরকমের সুযোগ সুবিধা এভাবে দেওয়া উচিত যাতে তারা তোমার কাফেতে ভীষণ আরাম অনূভব করে এবং অধিক সময় ধরে অধিক অর্থ ব্যয় করেও কাফেতে থাকে ।

- **অধ্যায় ৩ ঃ কিভাবে অর্থ উপায়ের নতুন সুযোগ তৈরী করা যায়**

একটি সফল সাইবার কাফে চালাতে হলে গ্রাহকদের ইন্টারনেটের সুযোগ সুবিধা পাইয়ে দেবার উপরিও তোমার সাহায্যের হাত এমন ভাবে বাড়িয়ে দিতে হবে যাতে তারা অধিক সময় ধরে অধিক অর্থ খরচ করেও তোমার সাইবার কাফেতে যেন থাকে ।

সারাদিন নতুন নতুন গ্রাহকদের আকর্ষণ করে এবং অধিক সামগ্রী বিক্রী করে বিভি উপায়ে তুমি রাজস্ব্য আদায় করতে পারবে ও নিজেকে একটা শক্ত ভিতের ওপর দাঁড় করাতে পারবে ।

ক) তোমার পরিষেবা ব্যবস্থা বাড়াও - মূল্য নির্দ্ধারিত পরিষেবা

যত বেশি পরিমানে ভিন্ন মাপের পরিষেবা তুমি গ্রাহকদের দেবে ততোধিক বেশি গ্রাহককে তুমি তোমার দিকে টানতে পারবে এবং তাদের ধরে রাখতে পারবে । অর্থাৎ প্রত্যেকের চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের পরিষেবা গ্রাহকদের দিকে বাড়িয়ে দিতে হবে । হতে পারে তোমার কাফেতে প্রথমবার গেম খেলতে আসা গ্রাহক থেকে অত্যুৎসায়ী গ্রাহক, গণমাধ্যম থেকে ছাত্র-ছাত্রী, উদ্যোক্তা থেকে গৃহবধূ, এবং আরো অনেকে আসে । অধিক গ্রাহক তোমার কাছে ধরা দিয়ে তোমাকে তাদের পারিশ্রমিকের মাধ্যমে অধিক রাজস্ব্য দেবার সুযোগ করে দেবার উপরিও ব্যবসায়ীক উপাদান ও অনান্য মূল্য নির্দ্ধারিত পরিষেবা দেবে ।

তোমার ব্যবসার মাধ্যমে রাজস্ব্য উপার্জ্জনের কয়েকটি উদাহরণ নিচে উল্লেখ করা হলো ঃ

পাসওয়ার্ড-সংরক্ষিত Wi-Fi জোন তৈরী করা এবং ল্যাপটপ্ ব্যবহারকারীদের জন্যে হট্ স্পট তৈরী করা ঃ

- Wi-Fi পরিষেবা দিতে পারলে এক বিশাল সংখ্যক গ্রাহককে তুমি নিজের দিকে টেনে আনতে পারবে, ছাত্র থেকে পেশাদার মানুষ অবধি, বিশেষ করে বড় বড় শহরগুলিতে অথবা বড় বড় রাস্তার ধারে অবস্থিত কাফে গুলিতে যেখানে মানুষজন নিজের মেশিন ব্যবহার করতে চায় ।
- প্রত্যহ আসা গ্রাহকদের জন্যে সর্বদা একটি সুন্দর এবং উষ্ণ অভ্যর্থনার আয়োজন ও এক আরামদায়ক পরিবেশের সৃষ্টি করলে তারা বারে বারে তোমার কাফেতেই আসবে।
- কিছু মূল্যনির্দ্ধারক গুরুত্বপূর্ণ পরিষেবা তুমি তাদের দিতে পারো যেমন সফট্ওয়্যার প্রযুক্তির প্রয়োগ এবং নিত্য আসা গ্রাহকদের জন্যে বিশেষ ছাড়ের ব্যবস্থা, সাপ্তাহিক ছাড়ের ব্যবস্থা এবং মাসিক ছাড়ের ব্যবস্থা ।

- **কম্পিউটার সাহায্য এগিয়ে দেওয়া ঃ**

  তোমার নিজস্ব ব্যবস্থা প্রনালী চালানো এবং বজায় রাখার উপরিও, একাধিক গননাযোগ্য ও সাহায্যকারী পরিষেবা তুমি চালাতে পারো বিশেষ করে তাদের জন্যে যাদের কাছে নিজস্ব কম্পিউটার আছে অথবা যারা নিজস্ব কম্পিউটার কিনতে চায়। এই পরিষেবাগুলির মধ্যে থাকবে আপডেটিং, ডাটা রিকভারি, ইন্‌স্টলেশন বা প্রতিষ্টা ও তার চারিত্রিক গঠন প্রনালী ।

- **ব্যবসায়ীক যোগাযোগ এবং উপস্থাপন পরিষেবা ঃ**

  তুমি সহজেই ব্যবহার করা যায় এমন ধরনের টেমপ্লেট্ এবং ক্লিপআর্ট পরিষেবা দিতে পারো যার ফলে তারা নিজেরাই পেশাগত দৃষ্টি ভংগী যুক্ত ব্যবসায়ীক উপাদান যেমন ব্যবসায়ীক চিঠি-পত্র, উপহার সামগ্রী, সার্টিফিকেট্, পতাকা, ব্যানার, ব্যবসায়ী ভিত্তিক কার্ড ইত্যাদি তৈরী করতে পারে । এমনকি তুমি নিজেও এই ধরনের সব পরিষেবা তৈরী করে গ্রাহকদের দিতে পারো এবং এর ফলে তোমার নিজেরও আয়ের একটা নতুন রাস্তা খুলে যাবে ।

- **প্রিন্টিং, ফেক্সিং এবং স্কেনিং ঃ**

  তোমার কাফে থেকে গ্রাহকের চাহিদা ও ব্যবসার প্রাথমিক চাহিদা অনুযায়ী এক বিস্তৃত পরিধির অফিস সামগ্রী বিক্রী করতে পারো যেমন প্রিন্টিং, ল্যামিনেশন্, বাধাঁনো কাজ, ফটোকপি, ফেক্সিং, ফটো এডিটিং এবং স্ক্যানিং ইত্যাদি।

  রিজিওমি/চাকরির দরখাস্ত (সিভি) ও সংক্ষিপ্ত চিঠির বিবরণির পরিষেবা সমূহ ঃ

- অনেক চাকুরী প্রার্থীরা সাইবার কাফেতে চাকরী সংক্রান্ত পোর্টেল খুজতে যায় । তুমি তাদেরকে রিজিওমি এবং চাকরি আবেদনের সংক্ষিপ্ত চিঠির বিবরণি পরিষেবা দিয়েও সাহায্য করতে পারো । এমনকি স্থানীয় কোনো লেখককে দিয়েও তুমি এই সমস্ত সুবিধাগুলো দিতে পারো (এবং কিছু সাম্ভাব্য রাজস্বে ভাগ বসাতেও পারো), অথবা তোমার নিজের কর্মচারীর মধ্যে এমন কাউকে এই কাজের দায়িত্বটা দাও, যে এই সমস্ত কাজ খুব ভালো ভাবে করতে পারবে ।

...../১৪

- **অনুষ্ঠানের প্রবেশপত্র এবং গান-বাজনার টিকিট ঃ**
  শহরের বিভিন্ন ধরনের অনুষ্ঠানের বা গান-বাজনার অথবা সিনেমার প্রবেশপত্র অথবা কুপন বিক্রী করা ।

- **খাদ্য, পানীয়, ম্যাগাজিন্ এবং খবরের কাগজ ঃ**
  এই অতিরিক্ত জিনিষগুলো গ্রাহকদের যথেষ্ট পরিমানে আকৃষ্ট করে, ফলে গ্রাহকরা অধিক সময় অবধি কাফেতে থাকতে পারে ।

- **ড্রপ বক্স এবং ক্যুরিয়ার সার্ভিস ঃ**
  তুমি ক্যুরিয়ার সার্ভিস সংস্থার সাথে অংশীদার হিসাবে কাজ করতে পারো এবং ইন্টারনেট কাফেতে একটি ড্রপ বক্সের ব্যবস্থা করে তোমার ব্যবসার পরিষেবাটাকে আরো বাড়াতে পারো ।

- **বিনোদনমূলক পরিষেবা ঃ**
  মিউজিক ডাউনলোড়, সিডি বার্নিং এবং ফটো ও ভিডিও শেয়ারিং ব্যবস্থাকে সহজীকরন করা । সর্ব্বাধিক এবং সর্ব্বশেষ জনপ্রিয় খেলা ও তার সামগ্রী বিক্রী এবং তার সাথে সিডি, ডিভিডি, পেন ড্রাইভ, মেমরি কার্ডস এবং কার্ড রিডার ইত্যাদি বিক্রী করা ।

- **গুরুত্বপূর্ন টিপস্ ঃ অনলাইন ভেল্যু এডেড় পরিষেবা (ভিএএস)- ভেল্যু এডেড পরিষেবা গোষ্ঠীর সাথে সম্পর্ক গড়ে তুলে হিসাব ব্যবস্থাকে সহজীকরণ করে দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলা অতি জরুরী ।**

- **লাভজনক পরিষেবা প্রদান করা, ভ্রমণ সংক্রান্ত টিকিট বুকিং পরিষেবা ঃ**

  যেমন ধরো মোবাইল রির্চাজ করা, বিল পেমেন্ট, রেল / এয়ার টিকিট্ বুকিং ইত্যাদি বিষয়গুলো তোমার কাফেতে/সিএসসি তে নিত্য নতুন গ্রাহক টেনে আনতে যথেষ্ট সাহায্য করবে ।

- **অন্লাইন শিক্ষা ব্যবস্থার সুযোগ ঃ**
  অন্লাইন শিক্ষা ব্যবস্থা হলো আরো একটি অতি আর্কষনীয় পরিষেবা যার দ্বারা পিসি ব্যবাহারকারীরা অধিক মাত্রায় কাফে/সিএসসি গুলোর প্রতি আর্কষিত হয়ে নতুন ছাত্রদের আনার উপরিও মন্দা সময় টুকুতে কাফের আয় বৃদ্ধি ঘটাতে সাহায্য করে ।

* **আর্থিক উপাদান সামগ্রীর পরিবেশণ ঃ**
  ক্রেডিট কার্ড / ইন্সুরেন্স সংক্রান্ত, শেয়ার দর্খাস্ত সহজীকরণ ইত্যাদি পরিষেবাগুলো কাফে / সি এস সি গুলোর প্রতি অধিক সংখ্যক মানুষকে টেনে আনতে সাহায্য করে, ফলে অধিক মুনাফা অর্জনের সুযোগ তৈরী হয় ।

খ) গ্রাহক সংখ্যা বৃর্দ্ধি করা ঃ

গ্রাহক সংখ্যা বৃর্দ্ধি করার জন্যে তোমাকে নিশ্চিত করতে হবে যে তোমার বর্তমান গ্রাহকরাও টিকে থাকবে তদোপরি তুমি সর্বদাই নিত্য-নতুন পরিষেবা ও আর্কষণীয় ছাড়ের দ্বারা নতুন নতুন গ্রাহক জোগার করতে সক্ষম হবে ।

গ্রাহকভিত্তি বৃর্দ্ধির মাধ্যমে নিত্য নতুন রাজস্ব্য বাড়ানোর সুযোগটা একটা বিশাল ব্যাপার। পরীক্ষামূলক ভাবে ভিন্ন ভিন্ন ধরনের গ্রাহকদের ভিন্ন ভিন্ন ধরনের পরিষেবা দিয়ে তুমি একটা ধারনা তৈরী করে নিতে পারো যে তুমি ব্যবসাতে আরো অধিক সফল হতে হলে কি কি গ্রাহক পরিষেবা প্রদান করতে পারবে ।

আমরা নিম্নে এই ধরনের আরো বেশ কিছু বিভাগ আলোচনা করবো ঃ

সর্বপ্রথম ব্যবহারকারীগন ঃ
সর্বপ্রথম ব্যবহারকারীরা হলো কম্পিউটার এবং ইন্টারনেটের জগতে প্রথমবার আসা গ্রাহক। তারা ই-মেইল এবং অন্লাইন পরিষেবার দ্বারা সুসজ্জিত সাইবার কাফেগুলোতে তাদের বন্ধু-বান্ধবদের সাথে যাতে সহজেই যোগাযোগ করতে পারে তা খেয়াল রাখতে হবে । এই সংখ্যাটা কিন্তু অনেক বেশী এবং যথেষ্ট আর্থিক সংগতি সম্পন্ন হয়। তুমি তোমার এই ধরনের গ্রাহকদের প্রয়োজনীয় পরিষেবা, বিশ্বাসযোগ্যতা, ট্রেনিং ও সাহায্যের দ্বারা তাদের কর্ম ক্ষমতাকে আরো বাড়িয়ে তুলতে পারো । এই ধরনের কাজের ফলে তোমার অনেক ধরনের উপকার হতে পারে । প্রথমত, কাজের দিনগুলোতে এদের দ্বারা তোমার প্রত্যেকটা পিসি ভীষণ ব্যস্ত থাকবে, যখন কিনা একটা বিশাল সংখ্যক আর্থিক সংগতি সম্পন্ন গ্রাহকগন তোমার কাফেতে যাবে । দ্বিতীয়ত, এই সমস্ত গ্রাহকদের বিশ্বাস এবং ব্যবসাকে সাহায্য করার জন্যে তোমার স্থানীয় এলাকাতে একজন বিশ্বাসী উপদেশক হিসাবে তোমার পরিচিতি ঘটবে ।

..../১৬

সর্বপ্রথম ব্যবহারকারীদের আকৃষ্ট করার জন্যে তুমি এই পরিষেবাগুলো দিতে পারো ঃ

- একটা আরামদায়ক, সুন্দর পরিবেশ - অনেকে আবার প্রথমবার কম্পিউটার ব্যবহারকারীদের সাহায্যের বদলে ভীতি প্রদর্শন করে, ফলে তাদের প্রথম অভিজ্ঞতাটা যথেষ্ট কষ্টকর হয় । এই ধরনের গ্রাহকদের বুঝিয়ে আবার তোমার কাছে ফিরিয়ে আনতে সুবিধাজনক হবে ।

- বেসিক কম্পিউটার ট্রেনিং -- কম্পিউটার কি ভাবে শেখা যায় এবং এর প্রাথমিক তথ্যগুলো ইন্টারনেটে কিভাবে পাওয়া যায় এইগুলি প্রথমবার ব্যবহারকারীদের কম্পিউটার চালানোর ক্ষেত্রে সাহায্য করে ।

- তুমি বিশেষ ইন্টারনেট ট্রেনিং এর ব্যবস্থা করতে পারো যার ফলে গ্রাহকগন ইন্টারনেটের মাধ্যমে সব ধরনের পরিষেবা নিতে পারবে যেমন চাকরী খোজা, যোগাযোগ করা, বিল পেমেন্ট করা, আসন সংরক্ষণ ব্যবস্থা, এছারাও আরো অনেক কিছু ।

- বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারী রেখে তুমি অন-সাইট সাপোর্ট গ্রাহাকগনকে দিতে পারো যাতে গ্রাহকরা প্রশ্ন করলে সাথে সাথেই তার উত্তর এবং উপদেশ পেয়ে যায়।

- একটি "এ-জেড" কাফের প্রতিটি পিসির সামনে পরিভাষাকোষ সমৃদ্ধ্য সংক্ষেপন, সর্টকাট, ইন্টারনেট আদবকায়দা, সাইবার কাফের নিয়ম কানুন এবং কি করা উচিত বা কি করা অনুচিত ইত্যাদি বিষয়গুলো লেখা থাকলে গ্রাহকরা উপকৃত হয় ।

- তুমি তোমার গ্রাহকদের জন্যে একটি পরিপূর্ণ অনলাইন শিক্ষা ব্যবস্থা চালু করতে পারো যাতে গ্রাহকরা কম্পিউটার সম্পর্কে প্রাথমিক ধ্যান ধারনা গড়ে নিতে পারে।

...../১৭

প্রয়োজনীয় টিপস্ ঃ

বিভিন্ন উদ্ভাবনীমূলক কর্মকান্ড হাতে নিয়ে নিত্য নতুন গ্রাহকদের কাফের প্রতি আকৃষ্ট করা যেমন ঃ

- ইন্টারনেট শিক্ষার একটি বিশেষ পাঠ্যক্রম গৃহবধূদের জন্যে বিকেলের দিকে চালু করলে তারা বিভিন্ন ধরনের রান্না-বান্নার পাঠ অথবা এমন কোনো অকুস্থল যা তাদেরকে বাচ্চাদের হোমওয়ার্ক করার ক্ষেত্রে সহায় করবে ।

- স্থানীয় বয়স্ক ব্যক্তিদের ডেকে এনে আলোচনার মাধ্যমে বোঝাতে পারো যে কিভাবে ইন্টারনেট তাদের জীবণে কাজে লাগতে পারে । বয়স্কদের জন্যে একটি বিশেষ ব্যাচ চালু করে বিশেষ বিশেষ খবরা-খবর থাকা সাইট্ গুলো অথবা তাদের ব্যবহার প্রণালী শেখাতে পারো ।

ব্যবসাদার এবং পেশাদার ঃ

আজকাল বহু ব্যবসায়ীই বাড়ীতে বসে সাইবার কাফের মাধ্যমে যোগাযোগ করে ব্যবসা চালায় । এই সব ব্যবসায়ীদের প্রয়োজন অধিক গতি সম্পন্ন ইন্টারনেট যুক্ত কম্পিউটার। এই ব্যবসায়ী শ্রেণীটা সাইবার কাফেকে তাদের সমস্ত রকম কাজের জন্যে ব্যবহার করে, সেটা ব্যবাসায়ী পরিকল্পনাই হোক বা মক্কেলদের সাথে যোগাযোগ রাখার জন্যেই হোক, কোনো মার্কেটিং সামগ্রী তৈরী অথবা বিভিন্ন ধরনের ব্যবসায়ীক কাজ কর্মের জন্যেই হোক, যেমন প্রিন্টিং, কপিং এবং ফ্যাক্স করার জন্যেই হোক না কেন ।

তুমি ব্যবসাদার এবং পেশাদারদের নিম্ন লিখিত উপায়ে কাছে টানতে পারোঃ

- অফিস এলাকাতে পেশাদারদের জন্যে একটি সুসজ্জিত কাফে যাতে থাকবে দ্রুত গতি সম্পন্ন ইন্টারনেট ও তারবিহীন প্রিন্টিং ব্যবস্থা ।
- পাসওয়্যার্ড যুক্ত ওয়াই-ফাই ইন্টারনেট সংযোগ ব্যবস্থা যা থেকে কাছা কাছি বাড়ী বা অফিস থেকে সংযোগ করা যায় ।
- পেশাগত পরিবেশ তৈরী করা যেখানে এই ধরনের গ্রাহকরা কাজ করতে পারে, মক্কেলদের সাথে যোগাযোগ করতে পারে এবং তাদের ব্যবসা চালাতে পারে ।

- সহজে ব্যবহার করতে পারা যায় এমন টেমপ্লট্ এবং ক্লিপআর্ট থাকা জরুরী যাতে তারা পেশাগত এবং ব্যবসায়ীক চিঠি-পত্র, উপহার, যোগ্যতাপত্র, ব্যানার, ব্যবসা সংক্রান্ত কার্ড ইত্যাদি বানাতে পারে ।
- পাঠ্যক্রম শেষে যোগ্যতাপত্র প্রদান করার ব্যবস্থা থাকা জরুরী কেননা তারা এবং তাদের কর্মচারীরা সফট্ওয়্যার উৎপাদন ক্ষেত্রে অভিজ্ঞ হতে পারে ।
- প্রিন্টিং, ফ্যাক্সিং, ফটোকপি, লেমিনেশ্যান, বাইন্ডিং, স্ক্যানিং এবং অন্য সব কাজ-কর্ম করার সুযোগ থাকা দরকার ।
- কিছু জরুরী অফিসের জিনিষ-পত্র যেমন, সিডি এবং ডিভিডি, পেন ড্রাইভ, মেমরি কার্ড এবং কার্ড রিডার থাকা প্রয়োজন ।

কিছু জরুরী টিপস্ ঃ

যদি প্রয়োজন হয় তবে তুমি ভ্রমণকারী ব্যবসাদার এবং পেশাদারদের জন্যে সর্বশেষ আধুনিক প্রযুক্তিযুক্ত সফট্ওয়্যার এবং ইন্টারনেট সুবিধা থাকা লেপটপ্ ভাঁড়া দিতে পারো ।

বিনোদনমূলক খোঁজ ঃ

এই ধরনের গ্রাহকরা সবসময়েই নানন রকমের বিনোদন খোঁজে - সিনেমা দেখা, গান ডাউনলোড করা, ইন্টারনেট সার্ফ করা, ফটো স্ক্যান-এডিট-শেয়ার করা, বন্ধু-বান্ধবদের ও আত্নীয় পরিজনদের ই-মেইল করা, ব্লগ ব্যবহার করা, আড্ডা দেওয়া, সামাজিক গোষ্ঠীবিন্যাস এবং ভিডিও কনফারেন্স ইত্যাদি করা । এই ধরনের গ্রাহকরা সধারনত দ্রুত গতিবেগ সম্পন্ন মেশিন ও ইন্টারনেট পছন্দ করে যাতে তারা খুব তাড়াতাড়ি ইন্টারনেটের মাধ্যমে এক বিশাল সংখ্যক জিনিষ ডাউনলোড করতে পারে ।

...../১৯

তুমি বিনোদন চাওয়া মানুষদের নিম্নে বর্ণিত উপায়ে আকর্ষণ করতে পারো ঃ

- জনপ্রিয় গান ডাউনলোড করার সুবিধা, সিনেমা, ভিডিও, রিংটোন, ওয়ালপেপার, স্ক্রীন সেভার এবং তাদের মোবাইলের জন্যে সফ্টওয়্যার সামগ্রীর যোগান দিয়ে ।
- সহজ ব্যবহারযোগ্য ও নথিভুক্তের জন্যে ধাপে ধাপে দেওয়া নির্দেশিকা, এবং ই-মেইল ব্যবহার ও চট্পট্ সংবাদ প্রেরণ ।
- তোমার কাছে সর্বদাই কিছু প্রয়োজনীয় জিনিষ অগ্রিম ডাউইলোড করে রাখতে পারো যাতে গ্রাহকরা চাওয়া মাত্রই তা তাদের হ্যান্ডসেটে কিছু মূল্যের বিনিময়ে দিয়ে দিতে পারো ।
- অডিও এবং ভিডিওর জন্যে একটি খুব শান্ত পরিবেশ থাকা দর্কার ।
- ফটো এডিটিং, স্ক্যানিং এবং তা পাঠানোর কাজে সাহায্য করতে পারো ।

এই ধরনের গ্রাহকদের জন্যে তুমি কাফেতে চমৎকার কিছু উপায় অবলম্বন করতে পারো যেগুলো হলো ঃ

ডাউনলোড ঃ USB পোর্ট, ডাটা কেবলস্, কার্ড রিডার, মোবাইল সফ্টওয়্যার।

অডিও এবং ভিডিও সম্মেলন ঃ ওয়েবক্যাম, ম্যাসেঞ্জার, লাইভ সার্ভিস

ফটো এডিটিং ঃ অডিও / ভিডিও রূপান্তর, এডিটিং টুলস্, মিডিয়া প্লেয়ার, রিয়েল প্লেয়ার অথবা অন্য যে কোনো সফ্টওয়্যার যেমন পিক্চার ম্যানেজার, মুভি মেকার, ভিস্যুয়েল স্টুডিও ইত্যাদি ।

কিছু জরুরী টিপস্ ঃ

স্বাধীন লেখক সাংবাদিক এবং মিডিয়ার সাথে যুক্ত ব্যক্তিদের মনোযোগ আর্কষণের জন্যে তুমি কিছু জায়গা বরাদ্দ করতে পারো যেখানে ফটো এবং ভিডিও সাংবাদিকরা ফটো এডিটিং এবং স্ক্যানিং এর কাজ করতে পারে । এমনকি উষ্চাভিলাষী সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতাদের তুমি ভিডিও এডিটিং এবং সফ্টওয়্যার পাঠাবার ব্যবস্থা করেও সাহায্য করতে পারো ।

খেলোয়ার ঃ

এই ধরনের মানুষ সাধারনত সাইবার কাফেতে একলা অথবা বন্ধু-বান্ধবদের সাথে কাফেতে গিয়ে খেলে । একটি আরামদায়ক পরিবেশ এবং দ্রুত গতি সম্পন্ন মেশিন তাদেরকে কাফেতে অধিক সময় ধরে খেলাধূলো, লাইভ্ চ্যাটিং, মেইলিং অথবা কোনো প্রচার মাধ্যম দেখতে বাধ্য করে । এই ধরনের গ্রাহকরা সাধারনত খেয়ালের বশে চলে এবং এদের কাছে সর্বাধূনিক গ্যাজেট থাকে । এরা প্রধানত বিনোদন দ্বারা আকর্ষিত হয় এবং সাইবার কাফেগুলো এদেরকে ভালোবাসা ও সামাজিক মূল্য প্রদান করা উচিত ।

খেলোয়ারদের তুমি কিছু সুবিধা দিয়ে আকর্ষিত করতে পারো ঃ

- জনপ্রিয় খেলার দ্বারা
- একটা আলাদা 'খেলার জায়গা' বা 'গেম জোন' তৈরী করতে পারো যেখানে এরা বন্ধু-বান্ধবদের সঙ্গে একত্রিত হয়ে দ্রুত গতির খেলার আনন্দ উপভোগ করতে পারে । এই বিশেষ উপায়ের দ্বারা তোমার নিয়মিত গ্রাহকরা বিরক্ত ও হবেনা, কেননা এরা সাধারনত হৈ-হট্টগোল বেশী করে ।
- খেলার প্রতিযোগিতা চালু যেমন মাল্টিপ্লেয়ার গেমিং টুর্নামেন্ট, যেখানে অনেক দল পুরস্কারের জন্যে অংশ গ্রহণ করতে পারবে ।একটা বিজয়ী বোর্ড লাগাও যেখানে সবাই বিজয়ীকে দেখতে পাবে, ফলে অধিক প্রতিযোগিতা করার ক্ষেত্রে উৎসাহ পাবে।
- গেমস্, ওয়াল পেপার থিমস, রীং টোনস্ এবং জনপ্রিয় গেম থেকে স্ক্রীন সেভারস্, যেগুলো সহজেই ডাউনলোড করা যায় (যদি সম্ভব হয়)তাহলে মোবাইলেও ভরা যায় । গেমিং ওয়ার্কশপে বা খেলাধূলোর কর্মশালাতে সর্বশেষ খেলাগুলো পাওয়া যায়। তুমি স্থানীয় গেমিং সফট্ওয়্যার উন্নয়ন বিশারদদের ডেকে তোমার গ্রাহকদের সামনে তার সামগ্রীর একটা নমুনা তুলে ধরতে পারো ।

সংস্থান ঃ

গেমিং মেশিন, গেমিং ডিভাইস (যদি খুব বেশী চাহিদা থাকে তবেই)

কিছু জরুরী টিপস্ ঃ

যদি তোমার এলাকায় এই ধরনের খেলার খুব বেশী চাহিদা থাকে তবে তুমি একটা নিদৃষ্ট জায়গায় থিয়েটার এফেক্টের সাহায্যে একটা গেম জোন তৈরী করে তাতে বিশাল টিভি পর্দা, উচ্চ গুনমান সম্পন্ন শব্দ ব্যবস্থা এবং গেমিং হার্ডওয়্যার ও সফট্ওয়্যার প্রতিষ্ঠা করতে পারো ।

অধিক রাতে বিশেষ করে সাপ্তাহান্তে টুর্ণামেন্ট অথবা প্রতিযোগিতার আয়োজন করো ।

প্রকৃত খেলার মেশিনের গঠন রুপরেখা হওয়া উচিত এইভাবে ঃ

- অন্ততঃপক্ষে একটি পেন্টিয়াম ৪ অথবা AMD ১.৮ GHz প্রসেসার সাথে ১ জিবি / ২ জিবি হার্ড ড্রাইভ ।
- ২৫৬ MB NVIDIA GeForce ৬৮০০ গ্রাফিক্স্ কার্ড এবং ২২ ইঞ্চি মনিটর ।
- হেডফোনস্ এবং মাইক্রোফোনস্

ছাত্র - ছাত্রী ঃ

সব ধরনের ছাত্র-ছাত্রীই সাইবার কাফেতে যায় যোগাযোগ স্থাপন করবার জন্যে, মতামত বিনিময়ের জন্যে, অনুসন্ধান, রির্পোট লেখা, নতুন নতুন দক্ষতা এবং চাকরী খোজার জন্যে । তারাও আবার ইন্টারনেটে কাজ করে সামাজিকতা রক্ষা, গান এবং সিনেমা ডাউনলোড ও বিনোদনমূলক ইত্যাদি নানন কারনে ।

তুমি ছাত্র-ছাত্রীদের কিছু সুবিধা দিয়ে আর্কষিত করতে পারো ঃ

- জনপ্রিয় গান, সিনেমা, ভিডিও, রীং টোনস্, ওয়াল পেপারস্, স্ক্রীন সেভারস্ এবং তাদের মোবাইলের জন্যে বিশেষ সফটওয়্যার ডাউনলোড করে তুমি তাদেরকে তোমার দিকে টানতে পারো ।
- চাকুরী জীবনীপঞ্জী ও তার সংক্ষিপ্ত বিবরণী চিঠি এবং সাথে সাথে চাকুরী সরবরাহকারীদের সাথে অনলাইন্ যোগাযোগ ব্যবস্থা যাতে চাকুরী প্রার্থীদের ঝক্কি অনেক কম হয় ।
- শিক্ষণমূলক ওয়েবসাইট গুলোর সাথে যোগাযোগ এবং শিক্ষামূলক ওয়েবসাইটে সহজ প্রবেশ ব্যবস্থা ।

...../২২

- ব্যস্ততম সময়গুলোতে ছাত্র-ছাত্রীদের জন্যে কিছু ছাড়ের ব্যবস্থা করা ।
- একাধিক ভাষার সংযোগ সহ (যেমন বিভিন্ন মাতৃভাষার সুবিধাযুক্ত) তোমার কম্পিউটারের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ভাষা শেখার সুযোগ করে দেওয়া ।

কিছু জরুরী টিপস্ ঃ

কাছাকাছি অবস্থিত স্কুল গুলোর সাথে চুক্তিবদ্ধ হয়ে ছাত্র-ছাত্রীদের ইন্টারনেট কোর্স অথবা অনলাইন টিউশান কোর্স করার ব্যবস্থা করে দিতে পারো । এর ফলে বাড়ীতে কম্পিউটার ছাড়াই ছাত্র-ছাত্রীরা হোমওয়ার্ক করতে পারবে ও যথেষ্ট উপকৃত হবে এবং কম্পিউটার শিখতে পারবে ।

ছাত্র-ছাত্রীদের সুবিধার জন্যে শিক্ষামূলক ওয়েবসাইট্ গুলোতে তুমি নির্দিষ্ট চিহ্ন দিয়ে রাখতে পারো যাতে তারা তাদের প্রয়োজনীয় রসদটি সহজেই খুজে পায় ।

ডেভেলপারস্ ঃ

বহুব্যপ্তিবিশিষ্ট ওয়েব সমাধানসূত্র তৈরীর উদ্দেশ্যে ডেভেলপারস্গন তাদের প্রয়োজনীয় সরঞ্জাম পাবার জন্যে, মাল্টিমিডিয়ার বিস্তৃত আন্তঃক্রিয়া ও তার প্রয়োগ এবং আরো অনেক কিছুই সাইবার কাফেতে বসে করতে পারে ।

তুমি ডেভেলপারস্দের কিছু সুবিধা প্রদান করে আর্কষিত করতে পারো ঃ

- সর্বশেষ ডেভেলপারস্ প্রয়োগ, টুলস্ ও সাম্প্রতিকতম সংস্করন ।
- সফট্ওয়্যার কে সহায়কারী এবং রক্ষাকারী পদ্ধতি ।
- ঐক্যমত তৈরী করা যাতে ডেভেলপারস্গন একত্রিত হতে পারে

কিছু জরুরী টিপস্ ঃ

তুমি ওয়েব ডিজাইন এবং তার রক্ষনাবেক্ষণ প্রচার করতে পারো স্থানীয় ডেভেলাপারস্দের নাম নথিভুক্ত করে ও তাদের পরিষেবাগুলো তোমার গ্রাহকদের প্রদান করার মাধ্যমে । এই ধরনের পরিষেবাগুলোকে সহজীকরন করে তুমি তোমার ব্যবসায়ী গ্রাহকদের সাহায্য করে (এবং আর্কষণ করে) ডেভেলাপারস্ গ্রাহকদের রাজস্ব্য আদায়ের ক্ষেত্রে সাহায্য করতে পারো ।

স্থানীয় ডেভেলাপারস্দের আমন্ত্রণ করে সফট্ওয়্যার উন্নয়নের জন্যে বিশেষ শিক্ষার ব্যবস্থা করতে পারো। এর ফলে নতুন এবং অধিক গ্রাহক তোমার কাফের প্রতি আর্কষিত হবে ।

~~~ ~~~ ~~~
~~~